

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.১০.০১৫.১৮.২৭৩

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: বিআরডিবি'র জেলা এবং উপজেলা দপ্তরের তথ্য বাতায়ন অধিকতর হালনাগাদকরণ।


সূত্র: ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২২-২৩ এর কার্যক্রম সূচক [৩.১] এবং কর্মসম্পাদন সূচক [৩.১.১] মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি সদরদপ্তরের পাশাপাশি মাঠ পর্যায়ের জেলা ও উপজেলাসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য নির্দেশনা রয়েছে। এ হালনাগাদ কার্যক্রম নিয়মিতভাবে করা ও প্রতি ত্রৈমাসিক অন্তর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্তও রয়েছে।

২। এ ধারাবাহিকতায় জেলা ও উপজেলাদপ্তরের নিজ নিজ তথ্য বাতায়ন অধিকতর সমৃদ্ধকরণ এবং হালনাগাদকরণের জন্য নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করা যেতে পারেঃ

- সকল কর্মকর্তা/কর্মচারীগণের ছবি, মোবাইল নম্বরসহ হালনাগাদ তথ্য সংযোজন করা;
- তথ্য বাতায়নে 'আইন/নীতিমালা/প্রজ্ঞাপন' নামক একটি সেবাবক্সে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল আইন, বিধি, নীতিমালা, প্রজ্ঞাপন, পরিপত্র, প্রবিধান ও নির্দেশিকা ইত্যাদি হালনাগাদ করা;
- তথ্য বাতায়নের বাংলা ও ইংরেজি ভাষার তথ্যের মধ্যে সামঞ্জস্য বজায় রাখা;
- সম্প্রতি কী কী তথ্য ও সেবা তথ্য বাতায়নে সংযোজন করা হয়েছে তা ব্যবহারকারীদের নিকট অবহিতকরণের ব্যবস্থা গ্রহণ;
- তথ্য বাতায়নের ম্যানুয়াল ও ভিডিও গাইডলাইন অনুসরণ করা;
- বিআরডিবি তথ্য বাতায়নে প্রচারিত সংশ্লিষ্ট পত্রসমূহ জেলা/উপজেলা'র তথ্য বাতায়নে প্রচারের ব্যবস্থা করা;
- তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য আওতাধীন উপজেলাসমূহকে নির্দেশনা প্রদান এবং নিয়মিত পরিবীক্ষণ করা।

৩। এমতাবস্থায়, বিআরডিবি'র আওতাধীন জেলা ও উপজেলা দপ্তরসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



০৪-০৬-২০২৩
নাজনীন খানম
উপপরিচালক

+৮৮০২৪১০১০৩৩৪ (ফোন)

ddprog@brdb.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা দপ্তর (সকল) এবং
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপজেলা দপ্তর (সকল)।।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.১০.০১৫.১৮.২৭৩/১ (৩)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, পরিকল্পনা, মূল্যায়ন ও পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;
- ২। যুগ্মপরিচালক, গবেষণা, মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



০৪-০৬-২০২৩
নাজনীন খানম
উপপরিচালক